# বিনা প্রতিদ্বন্দ্বিতায় সাফের সভাপতি হচ্ছেন কাজী সালাহউদ্দিন



কাজী সালাহউদ্দিন। ছবি: সংগৃহীত

দক্ষিণ এশিয়ান ফুটবল ফেডারেশনের (সাফ) সভাপতি হিসেবে আবারও দায়িত্ব নিতে যাচ্ছেন কাজী সালাহউদ্দিন। শনিবার (১ আগস্ট) ভুটানে অনুষ্ঠিতব্য সাফ কংগ্রেসে এ বিষয়ে আনুষ্ঠানিক অনুমোদন দেওয়া হবে।

সভাপতি পদে এবার কাজী সালাহউদ্দিন ছাড়া আর কোনো প্রার্থী না থাকায় তার পুনর্নির্বাচন প্রায় নিশ্চিত। সাফের গঠনতন্ত্রের ২৪.২ ধারা অনুযায়ী, পদের সংখ্যার বেশি প্রার্থী না থাকলে সংশ্লিষ্ট প্রার্থীরা সর্বসম্মতিক্রমে নির্বাচিত হন।

২০০৯ সাল থেকে সাফের সভাপতির দায়িত্ব পালন করে আসছেন কাজী সালাহউদ্দিন। গত বছর কলম্বোয় অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় গঠনতন্ত্র সংশোধন করে নির্বাহী কমিটির পদে নির্বাচনের বয়সসীমা তুলে দেওয়া হয়, যা তার প্রার্থী হওয়ার পথ আরও সুগম করে।

এদিকে, এবার প্রথমবারের মতো সাফের নির্বাহী কমিটিতে জায়গা পাচ্ছেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) সহসভাপতি সাব্বির আহমেদ আরিফ।

এ ছাড়া বিনা প্রতিদ্বন্দ্বিতায় সাফের সহসভাপতি নির্বাচিত হতে যাচ্ছেন শ্রীলঙ্কার জাসওয়ার উমারু লাবে। নির্বাহী কমিটিতে সদস্য হিসেবে থাকছেন মালদ্বীপের হুসাইন শাফিউ।

LENS ASIA